



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : dmfwestbengal@gmail.com

R

মেমো নং: ডি.এম.এফ./প্রেসিডেন্ট/২৯/২১

আগস্ট ১৮, ২০২১

শ্রী অখিল গিরি,

মাননীয় মৎস্যমন্ত্রী,

পশ্চিমবঙ্গ সরকার।

বেনফিশ টাওয়ার (অষ্টম তল)

৩১ জি এন ব্লক, সেক্টর-৫, সল্টলেক

কলকাতা-৭০০০৯১

বিষয়ঃ মাছ ধরার 'মটোরাইজ্‌ড নন-মেকানিক্যাল' ছোট নৌকাগুলির রেজিস্ট্রেশন চালু করার আবেদন

মাননীয় মহাশয়,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম অত্যন্ত উদ্বিগ্নের সাথে লক্ষ্য করেছে যে রাজ্য সরকারের মৎস্যদপ্তর হস্তচালিত মাছ ধরা নৌকার নতুন নিবন্ধীকরণ চালু রাখলেও যন্ত্রচালিত ('মটোরাইজ্‌ড মেকানিক্যাল') মাছধরার বড় নৌকার সাথে মোটরচালিত ('মটোরাইজ্‌ড নন-মেকানিক্যাল') মাছধরার ছোট নৌকার নতুন নিবন্ধীকরণও বন্ধ রেখেছেন।

আমরা এই বিষয়ে অবগত আছি যে ভারত সরকার Memo No. 30035-01/2017-FY(T-1) Dt. 9th June 2017 -এর অধীনে রাজ্য সরকারগুলিকে Marine Fisheries Resources Management Plan (MFRMP) প্রস্তুত করার ও যতদিন না সেটি প্রস্তুত হচ্ছে ততদিন পর্যন্ত সুস্থায়ী মৎস্যক্ষেত্রের স্বার্থে মাছধরার নতুন নৌকার নিবন্ধীকরণ বন্ধ রাখা বিবাচনা করার পরামর্শ দিয়েছিলেন।

মহাশয়, আমরা জানিনা পশ্চিমবঙ্গ সরকার তার Marine Fisheries Resources Management Plan (MFRMP) প্রস্তুত করেছে কিনা। কেন্দ্রীয় সরকারের পরামর্শের পর চার বছর কেটে গেছে। মাছধরার 'মটোরাইজ্‌ড নন-মেকানিক্যাল' বা মটরচালিত ছোট নৌকার ক্ষুদ্র মৎস্যজীবীরা তাদের নতুন নৌকাগুলির নিবন্ধীকরণ করতে না পেরে খুব অসুবিধায় পড়ছেন।





দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেইল : dmfwestbengal@gmail.com

এটি সর্বজনবিদিত যে সামুদ্রিক মৎস্য সম্পদের বিনাশে সবচেয়ে বড় ভূমিকা অতিরিক্ত ও ধ্বংসাত্মক মৎস্যশিকারের, যার জন্য দায়ী যন্ত্রচালিত বড় ('মটোরাইজ্‌ড মেকানিক্যাল') মাছধরা নৌকাগুলি। একেকটি যন্ত্রচালিত বড় মাছধরা নৌকা অন্তত ১০০টি মোটরচালিত ছোট মাছধরা নৌকার মতো মৎস্য শিকারের ক্ষমতা রাখে। এই কারণে ক্ষুদ্রায়তন মৎস্যক্ষেত্র সমুদ্রের প্রাকৃতিক মৎস্য সম্পদ আহরণে অনেক বেশি সুস্থায়ী। তাছাড়া ক্ষুদ্রায়তন মৎস্যক্ষেত্রে রোজগারের বন্টনও অনেক ব্যাপক ও সমতাপূর্ণ। এই পরিপ্রেক্ষিতে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম মনে করে যে নতুন নিবন্ধীকরণের ক্ষেত্রে মোটরচালিত ছোট মাছধরা নৌকাগুলিকে যন্ত্রচালিত বড় মাছধরা নৌকাগুলির সাথে এক করে দেখা ঠিক নয়। যন্ত্রচালিত বড় মাছধরা ('মটোরাইজ্‌ড মেকানিক্যাল') নৌকাগুলির নতুন নিবন্ধীকরণ বন্ধ করা উচিত এবং এমনকি সামুদ্রিক মৎস্যসম্পদের সুস্থায়ী আহরণের স্বার্থে তাদের সংখ্যা এবং মাছ ধরার সময় ও পরিমাণ হ্রাস করাও প্রয়োজন হয়ে পড়েছে। এর বিপরীতে সুস্থায়ী মৎস্য আহরণ এবং রোজগারের ব্যাপকতর ও সমতাপূর্ণ বন্টনের স্বার্থে ক্ষুদ্রায়তন মৎস্যক্ষেত্রের সম্প্রসারণ তথা মোটরচালিত ছোট মাছধরা ('মটোরাইজ্‌ড নন-মেকানিক্যাল') নৌকার নতুন নিবন্ধীকরণ চালু করা প্রয়োজন।

আপনার জরুরি ও কার্যকরী হস্তক্ষেপের প্রত্যাশায়,

আপনার বিশ্বস্ত,

প্রদীপ চ্যাটার্জী,

সভাপতি, ডি.এম.এফ।

(মোবাইলঃ ৯৮৭৪৪৩২৭৭৩)